



M(A)
ফ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-১ অধিশাখা
www.mecat.gov.bd

২৭৪

সদস্য (প্রশাসন) এর দপ্তর	
ডায়েরী নং	২০০
প্রেরণের তারিখ	২৯/১০/২০
সংক্রান্ত	আইন কর্মকর্তা
সংক্রান্ত	উপ-পরিচালক (সম্পত্তি)



চেয়ারম্যান
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
নং-৩০.০০.০০০০.০১৬.১৬.০১৬.২০-৬৮২

তারিখ : ০৩ কার্তিক ১৪২৭ ব.
১৯ অক্টোবর ২০২০ খ্রি.

বিষয় : বেবিচক-এর সাবেক কর্মচারীদের অনুকূলে পেনশন ও আনুতোষিক প্রদান সংক্রান্ত তথ্যাদি।

উপ-পরিচালক (প্রশাসন)
ডায়েরী নং ২৬২৬
তারিখ: ২৯/১০/২০

বেবিচকের স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.১৮.০০৩.৯০.৫১২, তারিখ : ১৬/০৮/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেবিচক এর সাবেক জেনারেল ফোরম্যান জনাব মোহাম্মদ মোস্তফা-এর অনুকূলে পেনশন ও আনুতোষিক প্রদানের লক্ষ্যে সূত্রস্থ স্মারকে এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্ণিত কর্মচারীর পিআরএল এর মেয়াদ গত ৩১/১২/২০১৭ খ্রি. তারিখে শেষ হয়ে গেছে। পিআরএল শেষ হওয়ার আড়াই বছরের অধিক সময় পরে এই মন্ত্রণালয়ে কেন পেনশন প্রস্তাব প্রেরণ করা হলো সে বিষয়ে দায়ী ব্যক্তি চিহ্নিত করা আবশ্যিক। একইসাথে বেবিচকের প্রেষণে নিয়োজিত কর্মচারীদের পেনশন নিষ্পত্তির জন্য কোনো কর্মকর্তা-কে দায়িত্ব প্রদান করা হয়েছে কি-না এবং গত ৩০/০৬/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত স্থায়ী প্রেষণে নিযুক্ত কতজন সরকারি কর্মচারী পিআরএল-এ যাওয়ার পরও পেনশন ও আনুতোষিক ভাতা অনুমোদনের জন্য মন্ত্রণালয় আবেদন প্রেরণ করা হয়নি তা জানা আবশ্যিক।

০২। এমতাবস্থায়, নিয়োক্ত তথ্যাদি আগামী ০৫/১১/২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) বেবিচক এর সাবেক জেনারেল ফোরম্যান জনাব মোহাম্মদ মোস্তফা-এর পিআরএল এর মেয়াদ গত ৩১/১২/২০১৭ খ্রি. তারিখে শেষ হওয়ার পরও আড়াই বছরের অধিক সময় পরে এই মন্ত্রণালয়ে কেন পেনশন প্রস্তাব প্রেরণ করা হলো। সে বিষয়ে দায়ী ব্যক্তি চিহ্নিত করে জরুরিভিত্তিতে একটি প্রতিবেদন প্রেরণ।
- (খ) বেবিচকের প্রেষণে নিয়োজিত কর্মচারীদের পেনশন নিষ্পত্তির জন্য কোনো কর্মকর্তা-কে দায়িত্ব প্রদান করা হয়েছে কি-না তার তথ্যাদি; এবং
- (গ) গত ৩০/০৬/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত প্রেষণে কতজন কর্মচারী পিআরএল এ যাওয়ার পরও পেনশন ও আনুতোষিক ভাতা অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে আবেদন প্রেরণ করা হয়নি তার তথ্যাদি প্রেরণ।

উপ-পরিচালক (প্রশাসন) এর দপ্তর	
ডায়েরী নং	৩৫১৪
প্রেরণের তারিখ	
সময়	২৯/১০/২০
পৃষ্ঠা সংখ্যা	

(অনূপ কুমার তালুকদার)
উপসচিব
ফোন : ৯৫৪০৮৬২
ই-মেইল : ca1@mecat.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
কুমিটোলা, ঢাকা।

অনুলিপি :

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (বিমান ও সিএ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।